বিসমিহি তা'আলা

المؤسسة مدينة العلوم لالمنيرهات بنغلاديش

MADINATUL ULOOM - LALMONIRHAT

# মদীনাতুল উলূম - লালমনিরহাট


মাদরাসা রোড, খাতাপাড়া, লালমনিরহাট।

মোবাইল: ০১৭১৭ ১৮৪ ১৮৭, ০১৮১৪ ৫৬০ ৯৬৪-৮

madinatululoomlal.bd@gmail.com


# পরিচিতি

# PROSPECTUS



সি.সি ক্যামেরা দ্বারা সার্বক্ষনিক পর্যবেক্ষণ

প্লে-তৃতীয় শ্রেণি (নাজেরা)
চতুর্থ-পঞ্চম শ্রেণি (প্রি-হিফয)

মক্তব থেকে নাজেরা প্রি-হিফয

- হিফয বিভাগ
  শুনানী বিভাগ
- কিতাব বিভাগ (মাদানী নিসাব)
- নুরানী একাডেমী (ষষ্ঠ-অষ্টম শ্রেণি)

আবাসিক

অনাবাসিক

ডে-কেয়ার

## আমাদের লক্ষ্য

আমাদের লক্ষ কুরআন ও সুন্নাহ ভিত্তিক জীবন ও সমাজ গঠন করা এবং বিশুদ্ধ ইলমের প্রচার ও প্রসার করা। ইলম ও আহলে ইলমের সম্মান পুনঃপ্রতিষ্ঠা করা। সর্বোপরী অহিভি-ত্তিক আধুনিক-জ্ঞান বিজ্ঞানের মাধ্যমে দৈহিক, মানসিক, বুদ্ধিবৃত্তিক, সামাজিক, ধর্মীয় ও আধ্যাত্মিক গুণাবলীর বিকাশ সাধন করে আল্লাহর সন্তুষ্টি ও নৈকট্য লাভই আমাদের চূড়ান্ত লক্ষ্য ও উদ্দেশ্য।

## আমাদের প্রকল্পসমূহ:

আমরা বিশ্বাস করি, আমাদের লক্ষ্য অর্জনের পথে তালীম, দাওয়াহ ও খেদমতে খালক্ব- এই তিন কাজের বিকল্প নেই। এই তিন কাজ বাস্তবায়নের লক্ষ্যে এগিয়ে যাচ্ছে মদীনাতুল উলূম ফাউন্ডেশন। বর্তমানে মদীনাতুল উলূম ফাউন্ডেশন -এর নিম্নোক্ত প্রকল্পসমূহ পরিচালিত হচ্ছে:

**১. ইসলামিক স্কুল:-** ক. মদীনাতুল উলূম নূরানী একাডেমী [বালক], খাতাপাড়া, লালমনিরহাট, খ. মদীনাতুল উলূম নূরানী একাডেমী [বালক], আটবিল, মহেন্দ্রনগর, লালমনিরহাট, গ. মদীনাতুল উলূম নূরানী একাডেমী [বালিকা], খাতাপাড়া, লালমনিরহাট,

**২. আরবি মাদরাসা:-** মদীনাতুল উলূম মাদরাসা [বালক], খাতাপাড়া, লালমনিরহাট।

**এছাড়াও** বালিকা মাদরাসা, নৈশ মাদরাসা ও কারিগরি শিক্ষার জন্য ভিন্ন ভিন্ন আরো তিনটি শাখা খোলার পরিকল্পনা রয়েছে।

# মদীনাতুল উলূম নূরাণী একাডেমী

| | | |
|---|---|---|
| ভর্তির বয়সসীমা | : | ৪ বছর। |
| শিক্ষাস্তর | : | প্লে থেকে অষ্টম শ্রেণি। (পর্যায়ক্রমে দ্বাদশ শ্রেণি) |
| শিক্ষাবর্ষ | : | জানুয়ারী থেকে ডিসেম্বর। |

## বৈশিষ্ট্য

- ☞ শিশুদের উপযোগী ও বিজ্ঞান ভিত্তিক নূরানী কারিকুলাম।
- ☞ তৃতীয় শ্রেণিতে পূর্ণ কুরআন কারীমের নাজেরা সমাপ্ত করন।
- ☞ ফাযায়েলের সুরাগুলো গুরুত্ব সহকারে মুখস্থ করানো ও লেখার উপযোগী করে তোলা।
- ☞ আরবি, বাংলা, ইংরেজী ও গণিতসহ সকল বিষয়ে সমান গুরুত্ব প্রদান।
- ☞ প্রয়োজনীয় মাসআলা- মাসাইল, দোয়া ও আরবি হাতের লেখা বিশেষভাবে শিক্ষাদান।
- ☞ প্রতিটি বিষয়ে আকর্ষণীয় লেখার অভ্যাস গড়ে তোলার প্রচেষ্টা।
- ☞ ইংরেজী ও আরবী কথপোকথনের উপর গুরুত্বারোপ।
- ☞ চতুর্থ শ্রেণি থেকে আফটার স্কুল হিফয ও আফটার স্কুল জেনারেল রিভিশন প্রোগ্রাম।
- ☞ ইসলাম ও আধুনিক শিক্ষার বাস্তব সমন্বয়।
- ☞ প্রশিক্ষণপ্রাপ্ত, অভিজ্ঞ ও দায়িত্বশীল শিক্ষক ম-লী দ্বারা পাঠদান।
- ☞ অভিভাবক সম্মেলনের আয়োজন।
- ☞ সার্বক্ষণিক সিসি ক্যামেরা ও নিরাপত্তাপ্রহরীর ব্যবস্থা।
- ☞ স্মার্ট এডুকেশন ম্যানেজমেন্ট সফটওয়্যারের মাধ্যমে প্রতিষ্ঠান ব্যবস্থাপনা।
- ☞ প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা।
- ☞ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও শিক্ষা সফরের ব্যবস্থা।

# সিলেবাস

| | |
|---|---|
| প্লে | আরবি ২৯ হরফ লিখার মাধ্যমে শিক্ষা।<br>স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ লিখার মাধ্যমে শিক্ষা।<br>স্মল লেটার ও ক্যাপিটাল লেটার লিখার মাধ্যমে শিক্ষা।<br>১ থেকে ৫০ পর্যন্ত লিখার মাধ্যমে শিক্ষা।<br>৫টি হাদিস অর্থসহ মুখস্থ।<br>অযু, গোসল ও তায়াম্মুমের মাসআলা শিক্ষা। |
| নার্সারি | আরবি হরফ লেখার মাধ্যমে শিক্ষা। হরকতের উচ্চারণ। অর্থসহ ৫টি হাদীস। অযু করার তরীকা থেকে নামাযের আরকান আহকাম শিক্ষা।<br>নূরাণী সিলেবাসের বাংলা, ইংরেজী ও গণিত।<br>হাতের লেখা ও স্পোকেন ইংলিশ। |
| ১ম শ্রেণি | ১১ সুরা লেখার মাধ্যমে শিক্ষা। নামাযের দুআসমূহ লেখার মাধ্যমে শিক্ষা।<br>অর্থসহ ২৫টি হাদীস। অযু করার তরীকা থেকে নামায ভঙ্গের কারণ পর্যন্ত শিক্ষা।<br>আরবি ভাষা শিক্ষা।<br>নূরাণী সিলেবাসের বাংলা, ইংরেজী, গণিত ও সাধারণ জ্ঞান। হাতের লেখা। |
| ২য় শ্রেণি | সুরা ইয়াসীন ও সুরা ওয়াকিআহ লেখার মাধ্যমে মুখস্থ করা। ফাযায়েলের সুরাসমূহের মাধ্যমে নাযেরা শিক্ষা। অর্থসহ ৪৫টি হাদীস। ৩০টি মাসনূন দুআ। ২রাকাত নামাযের ৬০টি মাসআলাহ। প্র্যাক্টিকাল নামায শিক্ষা। আরবি ভাষা শিক্ষা।<br>নূরাণী সিলেবাসের বাংলা, ইংরেজী, গণিত ও সাধারণ জ্ঞান। স্পোকেন ইংলিশ ও স্ক্রিপ্ট হাতের লেখা। |
| ৩য় শ্রেণি | পূর্ণ কুরআন কারীম নাযেরা। অর্থসহ ৬৫টি হাদীস। ৬০টি মাসনূন দুআ। জুমআর খুতবাসহ জানাযার নামাযের সকল মাসআলাহ।<br>নূরাণী সিলেবাসের বাংলা, ইংরেজী, গণিত ও সাধারণ জ্ঞান। আরবি ভাষা। স্পোকেন ইংলিশ। হাতের লেখা।<br>নূরানী বোর্ডে সমাপনী পরীক্ষা। |
| ৪র্থ শ্রেণি | আরবি ভাষা। ইসলামী সাধারণ জ্ঞান। স্পোকেন এ্যারাবিক। স্পোকেন ইংলিশ।<br>পূর্বের পঠিত হাদীস ও দুআসমূহের রিভিশন। হিফযুল কুরআন ৫ (১-৫) পারা।<br>এনসিটিবি কর্তৃক প্রণিত ইবতেদায়ী ৪র্থ শ্রেণির পাঠ্যবই। |

| | |
|---|---|
| ৫ম শ্রেণি | আরবি ভাষা। ইসলামী সাধারণ জ্ঞান। স্পোকেন এ্যারাবিক। স্পোকেন ইংলিশ।<br>পূর্বের পঠিত হাদীস ও দুআসমূহের রিভিশন। হিফযুল কুরআন ৫ (৬-১০) পারা।<br>এনসিটিবি কর্তৃক প্রণিত ইবতেদায়ী ৫ম শ্রেণির পাঠ্যবই। |

পঞ্চম শ্রেণি সমাপনের পর ছেলেরা নিজ নিজ মেধা স্তর অনুযায়ী মাদরাসা শাখার **আবাসিক ব্যবস্থাপনায় থেকে নিচের যে কোন শ্রেণিতে ভর্তি হতে পারবে:**
ক. হিফযল কুরআন। খ. কিতাব বিভাগ।
গ. হিফয+ষষ্ঠ শ্রেণি। (৫ম শ্রেণিতে ১০ পারা হিফয সমাপ্ত করতে পারলে)
ঘ. একাডেমী বালক শাখার ষষ্ঠ শ্রেণি।
**মেয়েরা ভর্তি হতে পারবে বালিকা শাখায়:** ক. হিফযুল কুরআন। খ. বালিকা শাখার ষষ্ঠ শ্রেণিতে।

| | |
|---|---|
| ষষ্ঠ শ্রেণি | হিফযুল কুরআন ১০ (১১-২০) পারা (ঐচ্ছিক)<br>ইংলিশ ও এরাবিক স্পিকিং।<br>এনসিটিবি কর্তৃক প্রণিত দাখিল ষষ্ঠ শ্রেণির বই সমূহ। |
| সপ্তম শ্রেণি | হিফযুল কুরআন ১০ (২১-৩০) পারা (ঐচ্ছিক)<br>ইংলিশ ও এরাবিক স্পিকিং।<br>এনসিটিবি কর্তৃক প্রণিত দাখিল সপ্তম শ্রেণির বই সমূহ। |
| অষ্টম শ্রেণি | হিফযুল কুরআন শুনানী/রিভিশন (ঐচ্ছিক)<br>ইংলিশ ও এরাবিক স্পিকিং।<br>এনসিটিবি কর্তৃক প্রণিত দাখিল অষ্টম শ্রেণির বই সমূহ। |
| পর্যায়ক্রমে দ্বাদশ (আলিম) শ্রেণি | |

## পোশাক পরিচ্ছদ

**ছাত্র:** সাদা টুপি, আকাশি নীল পাঞ্জাবী (কলার ও হাতায় সাদা পাইপেনসহ), সাদা পাজামা ও সাদা কেড্‌স।

**ছাত্রী (শিশু - তৃতীয়) :** সাদা হিজাব (আকাশি নীল পাইপেনসহ), আকাশি নীল গোল জামা (সাদা পাইপেনসহ), সাদা পাজামা (আকাশি নীল পাইপেনসহ) ও সাদা কেড্‌স।

**ছাত্রী (চতুর্থ - পঞ্চম) :** কালো বোরকা ও কালো হিজাব (নিকাবসহ)।

## ছুটি

- সরকার ঘোষিত (বিশেষ) ছুটির দিনগুলোতে একাডেমী বন্ধ থাকবে।
- প্রথম সাময়িক, দ্বিতীয় সাময়িক ও বার্ষিক পরীক্ষার ছুটি ৭ দিন করে।
- ঈদুল ফিতরের ছুটি ১০ দিন।
- ঈদুল আযহার ছুটি ৮ দিন।

# মদীনাতুল উলূম মাদরাসা

## আমাদের বৈশিষ্ট্য

❖ আরবি শিক্ষার পাশাপাশি বাংলা, ইংরেজী, গণিতসহ প্রয়োজনীয় অন্যান্য বিষয়গুলোতেও পারদর্শি করে গড়ে তোলা।
❖ ভাষা, সাহিত্য, বক্তৃতা, বিতর্ক ও বৈধ চিত্ত-বিনোদনের জন্য ইসলামী সাংস্কৃতিক অনুষ্ঠান, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও শিক্ষা সফরের আয়োজন।
❖ নিজস্ব ক্যাম্পাস, কোলাহলমুক্ত, স্বাস্থ্যকর ও মনোরম পরিবেশ।
❖ রুটিন অনুযায়ী স্বাস্থ্যসম্মত রুচিশীল খাবার পরিবেশন।
❖ এতিম, গরিব, অস্বচ্ছল মেধাবী ছাত্রদের জন্য বিশেষ সুযোগ সুবিধা।
❖ সার্বিকভাবে যোগ্য, অভিজ্ঞ ও বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণের মাধ্যমে পাঠদান।
❖ প্রচলিত কালেকশন মুক্ত একটি আদর্শ মাদরাসা।
❖ সার্বক্ষণিক সিসি ক্যামেরা ও নিরাপত্তাপ্রহরীর ব্যবস্থা।
❖ স্মার্ট এডুকেশন ম্যানেজমেন্ট সফটওয়্যারের মাধ্যমে প্রতিষ্ঠান ব্যবস্থাপনা।

## বিভাগসমূহ

### মক্তব-নাজেরা বিভাগ

| | | |
|---|---|---|
| বয়স-সীমা | : | ন্যূনতম ৮ বছর। |
| শিক্ষাকাল | : | ১ বছর। |
| ভর্তির সময় | : | বছরের যেকোন সময়। |
| ভর্তি যোগ্যতা | : | ন্যূনতম দ্বিতীয় শ্রেণি উত্তীর্ণ। |

### বৈশিষ্ট্য

❖ মাত্র এক বছরেই কায়দা এবং নাজেরা সম্পন্ন করে হিফ্জের সবক প্রদান করা হয়।
❖ সুন্দর ও সুললিত কণ্ঠে তেলাওয়াত শেখানো হয়।
❖ ওযু, গোসল, আযান-ইক্বামত, জানাযা ও জুমআর নামাযের দুয়া-মাসায়েলসহ আমলী প্রশিক্ষণ দেয়া হয়।
❖ দ্বীনি শিক্ষার পাশাপাশি গুরুত্বসহকারে ৩য় শ্রেণি পর্যন্ত জেনারেল বষয়াবলীর পরিমিত পাঠদান করা হয়।

### হিফজ বিভাগ

| | | |
|---|---|---|
| বয়স-সীমা | : | অনুর্ধ্ব ১৩ বছর। |
| শিক্ষকাল | : | ৩ বছর। |
| ভর্তির সময় | : | বছরের যেকোন সময়। |
| ভর্তি যোগ্যতা | : | ন্যূনতম তৃতীয় শ্রেণি উত্তীর্ণ এবং পূর্ণ কুরআন কারীমের সাবলীল নাজেরা। |

## বৈশিষ্ট্য

- শুধু আবাসিক ছাত্রদেরকে ভর্তি করা হয়।
- প্রশিক্ষণপ্রাপ্ত অভিজ্ঞ শিক্ষকের মাধ্যমে নিজস্ব পাঠ পরিকল্পনায় হিফজ বিভাগ পরিচালিত।
- আন্তর্জাতিক মানের সুন্দর ও সুললিত কণ্ঠে তিলাওয়াতে পারদর্শি করে গড়ে তুলতে নিয়মিত মাশ্‌ক্ব ও অডিও রেকর্ড শোনানোর সুব্যবস্থা।
- বিশেষজ্ঞ ক্বারী ও মাশশাকের মাধ্যমে মাশক্বের ব্যবস্থা।
- তাজবীদ ভিত্তিক বিশুদ্ধ ও মার্জিত উচ্চারণ।
- সর্বোচ্চ তিন বছরে হিফজ সম্পন্ন করার প্রচেষ্টা। (তবে নিম্ন মেধাবীদের বেলায় ৪ বছর পর্যন্ত সময় লাগতে পারে।)
- পঞ্চম শ্রেণি পর্যন্ত জেনারেল বিষয়াবলীর পরিমিত পাঠদান।
- শাস্তি নয়, মনস্তাত্বিক পরিচর্যা ও মননশীল পাঠ উপস্থাপন।
- সাপ্তাহিক ও মাসিক পাঠ প্রতিবেদন।
- **খতমী (হিফয সমাপনকারী) ছাত্রদের জন্য স্বতন্ত্র শুনানী বিভাগ।**
- খতমীদের জন্য বেফাক বোর্ডে সনদ পরীক্ষার ব্যবস্থা।
- শুনানী বিভাগ থেকেই কিতাব বিভাগের জন্য প্রস্তুতি গ্রহণ।

## কিতাব বিভাগ (মাদানী নেসাব)

| | | |
|---|---|---|
| শিক্ষাকাল | : | ৭ বছর। |
| শিক্ষাবর্ষ | : | শাওয়াল থেকে রমযান। |
| ভর্তি যোগ্যতা | : | পূর্ণ কুরআন কারীম বিশুদ্ধ নাজেরা এবং সাবলীল বাংলা পড়তে ও লিখতে পারা। |

## বৈশিষ্ট্য

- বিশ্ব বিখ্যাত দ্বীনি প্রতিষ্ঠান দারুল উলূম দেওবন্দ ও আমাদের দেশের জাতীয় মাদরাসা সমূহের শিক্ষাকারিকুলাম ও পাঠ্যসূচীর সঙ্গে মিল রেখে ও আলেম সমাজের নিকট সমাদৃত মাদানী নেসাবের আলোকে এই বিভাগের শিক্ষা কারিকুলাম সাজানো হয়েছে।
- মক্তব ও হিফয সমাপনকারী ছাত্ররা এই শিক্ষাক্রমে সাতবছরে দাওরায়ে হাদীস সম্পন্ন করতে পারবে, ইনশাআল্লাহ।
- মাধ্যম আরবি ও বাংলা।

- প্রতিটি বিষয়ের জন্য নির্বাচিত সিলেবাস অনুযায়ী পাঠদানের সুব্যবস্থা।
- আরবি, বাংলা ও ইংরেজী হস্তাক্ষরে পারদর্শি করে গড়ে তোলা।
- প্রতিদিন প্রতি বিষয়ের পাঠ ক্লাসে শেখানো ও আদায় করা।
- সাপ্তাহিক ও মাসিক পরীক্ষা গ্রহণ। এ ছাড়াও বক্তৃতা ও বিতর্ক প্রতিযোগিতার মাধ্যমে
  ছাত্রদের মেধা ও মননের উৎকর্ষ সাধন করা।
- মাত্র ৬ মাসের মধ্যে আরবিতে কথোপকথনের যোগ্যতা অর্জন।
- অত্যন্ত গুরুত্বের সাথে তামরীনসহ উর্দূ ক্লাস।
- হাফেজদের জন্য সাপ্তাহিক শবিনা এবং গায়রে হাফেজদের জন্য ২৯ ও ৩০ পারাসহ
  আমলী সূরাসমূহ মুখস্থের ব্যবস্থা করা।
- কওমী মাদরাসা শিক্ষা বোর্ড (বেফাক) ও মাদানী নিসাবের কেন্দ্রীয় বোর্ড পরীক্ষায় অংশগ্রহণের ব্যবস্থা।
- এসএসসি পরীক্ষা দেয়ার ব্যবস্থা।

## সিলেবাস

### মক্তব-নাজেরা

তাজবীদসহ পূর্ণ কুরআন কারীম নাযেরা। ৪০ হাদীস মুখস্থ। অযু-গোসল, আযান-ইক্বামত, জুমআর নামায, জানাযার নামায, ঈদের নামায সহ প্রয়োজনীয় দুআ-মাসায়েল। তৃতীয় শ্রেণির বাংলা, ইংরেজী, গণিত ও সাধারণ জ্ঞান।

### হিফয

সিফাতসহ তাজবীদ। ১০০ হাদীস মুখস্থ। আকাইদ। রোযার মাসাইল।
চতুর্থ ও পঞ্চম শ্রেণির বাংলা, ইংরেজী, গণিত ও সাধারণ জ্ঞান।
[বেফাক বোর্ডে কেন্দ্রীয় পরীক্ষা]

### শুনানী

পঞ্চম শ্রেণির বাংলা, ইংরেজী, গণিত ও সাধারণ জ্ঞান।
[বেফাক বোর্ডে কেন্দ্রীয় পরীক্ষা]

## কিতাব বিভাগ (মাদানী নিসাব)

| | | |
|---|---|---|
| **প্রথম বর্ষ** | : | আরবি ভাষা ও সাহিত্য, সরফ (মিযান)।<br>জেনারেল: ষষ্ঠ শ্রেণির বাংলা, ইংরেজী, গণিত। |
| **দ্বিতীয় বর্ষ (নাহবেমীর)** | : | কুরআন তরজমা (নির্বাচিত), আরবি ভাষা, সরফ, নাহু, ফিক্বহ, সিরাত।<br>জেনারেল: সপ্তম শ্রেণির বাংলা, ইংরেজী, গণিত।<br>[বেফাক বোর্ডে কেন্দ্রীয় পরীক্ষা] |
| **তৃতীয় বর্ষ** | : | কুরআন তরজমা (নির্বাচিত), আরবি ভাষা ও সাহিত্য, নাহু, বালাগাত, ফিক্বহ, উসূলে ফিক্বহ, উর্দূ ভাষা, মানতিক।<br>জেনারেল: অষ্টম শ্রেণির বাংলা, ইংরেজী, গণিত। |
| **চতুর্থ বর্ষ (শরহে বেকায়াহ)** | : | কুরআন তরজমা, আরবি ভাষা ও সাহিত্য, বালাগাত, ফিক্বহ, উসূলে ফিক্বহ, ফারায়েজ।<br>জেনারেল: নবম শ্রেণির বাংলা, ইংরেজী, গণিত।<br>[বেফাক বোর্ডে কেন্দ্রীয় পরীক্ষা] |
| **পঞ্চম বর্ষ (এসএসসি)** | : | তাফসীর, উসূলে তাফসীর, ইসলামী আকাইদ, হাদীস, আরবি সাহিত্য, ফিক্বহ, ইসলামী রাষ্ট্রবিজ্ঞান ও অর্থনীতি।<br>জেনারেল: দশম শ্রেণি (এসএসসি পরীক্ষা প্রস্তুতি)। |
| **পঞ্চম বর্ষ (জালালাইন)** | : | তাফসীর, উসূলে তাফসীর, ইসলামী আকাইদ, হাদীস, আরবি সাহিত্য, ফিক্বহ, ইসলামী রাষ্ট্রবিজ্ঞান ও অর্থনীতি।<br>[পর্যায়ক্রমে দাওরায়ে হাদীস খোলা হবে ইনশাআল্লাহ] |

## পোশাক পরিচ্ছদ

সাদা টুপি, সাদা জুব্বা-পাজামা, সাদা পাগড়ী।

## প্রয়োজনীয় ব্যবহার সামগ্রী

- বিছানাপত্র, একটি প্লেট ও একটি পানপাত্র।
- পাঞ্জাবী-জুব্বা (অন্তত তিন সেট), এক কালার গেঞ্জি, সাদা টুপি (২টি), গামছা ও লুঙ্গি ইত্যাদী।
- প্লেট, গ্লাস, সাবান, টিস্যু, ব্রাশ, টুথপেস্ট ও মিসওয়াক ইত্যাদী।

## খাবার তালিকা

| বার | সকাল | দুপুর | রাত |
|---|---|---|---|
| শনিবার | ভাত,ভাজি,ডাল | ভাত, গোশত, ডাল | ভাত, সবজি, ডাল |
| রবিবার | গোশত খিচুরী | ভাত, ডিম, ডাল | ভাত, বুটের ডাল |
| সোমবার | ভাত, ভর্তা, ডাল | ভাত, মাছ, ডাল | ভাত, ভাজি, ডাল |
| মঙ্গলবার | সবজি খিচুরী | ভাত, গোশত, ডাল | ভাত, গোশত বুটের ডাল |
| বুধবার | ভাত, ভর্তা, ডাল | ভাত, ডিম, ডাল | ভাত, সবজি, ডাল |
| বৃহস্পতিবার | সবজি খিচুরী | ভাত, গোশত, ডাল | ভাত, মুরিঘন্ট |
| শুক্রবার | ভাত, ভর্তা, ডাল | ভাত, গোশত, ডাল | ভাত, ভাজি, ডাল |

বি:দ্র: ❖ ছাত্রের রুচির প্রতি লক্ষ রেখে খাদ্যতালিকা পরিবর্তন হতে পারে ।
❖ অভিভাবক চাইলে বাসা থেকেও খাবার সরবরাহ করতে পারবেন ।

## ছুটি

- সরকার ঘোষিত (বিশেষ) ছুটির দিনগুলোতে ক্লাস বন্ধ থাকবে ।
- প্রথম সাময়িক পরীক্ষার ছুটি ০৭ দিন ।
- বিশেষ সাময়িক ছুটি ০৬ দিন ।
- বার্ষিক পরীক্ষার ছুটি ০৭দিন ।
- ঈদুল ফিতরের ছুটি ১০ দিন ।
- ঈদুল আযহার ছুটি ১০ দিন ।
- এছাড়াও প্রতি ইংরেজী মাসের ১ম/২য় বুধবার মাসিক পরীক্ষার পর বিকাল ০৩:০০ টা থেকে শুক্রবার আসরের পূর্ব পর্যন্ত ছুটি থাকবে । [সময় ও প্রয়োজনের আলোকে পরিবর্তনশীল]

## সাক্ষাতের সময়

- প্রতিদিন আসর থেকে মাগরিব পর্যন্ত ।
- শুক্রবার সকাল ৯:০০ টা থেকে মাগরিব পর্যন্ত ।
- মোবাইল-ফোনেও ছাত্রের সাথে উক্ত সময়ের মধ্যে যোগাযোগ করতে হবে ।
- নির্ধারিত সময় ছাড়া সাক্ষাৎ কিংবা ফোনে কথা বলা ও যোগাযোগ করা আপনার সন্তানের লেখা-পড়ার মনোযোগ নষ্ট করবে ।

# মদীনাতুল উলূম নূরানী একাডেমী (বালিকা)

[স্কুল থেকে ৩য়-৫ম পড়ুয়া ছাত্রী এবং মদীনাতুল উলূম নূরাণী একাডেমী থেকে ৫ম শ্রেণি উত্তীর্ণ ছাত্রীদের জন্য ইসলামী ও জেনারেল বিষয়ের সমন্বয়ে সাজানো অনাবাসিক শাখা ।]

## শিক্ষাস্তর

আরবি : মক্তব, নাজেরা ও হিফয বিভাগ ।
জেনারেল : ৪র্থ শ্রেণি থেকে ৭ম (পর্যায়ক্রমে দ্বাদশ শ্রেণি)
শিক্ষাবর্ষ : জানুয়ারী থেকে ডিসেম্বর ।
ভর্তি যোগ্যতা : ন্যূনতম তৃতীয় শ্রেণি উত্তীর্ণ ।

## বৈশিষ্ট্য

- সম্পূর্ণ অনাবাসিক ব্যবস্থাপনা ।
- স্বতন্ত্র হিফয বিভাগ ।
- পরিষ্কার-পরিচ্ছন্নতা, নারীসূলভ শালীনতা ও লজ্জাশীলতার প্রতি গুরুত্বারোপ ।
- পূর্ণ শরঈ পর্দার সাথে দক্ষ শিক্ষিকাগণের মাধ্যমে পাঠদান ।
- আকাবির-আসলাফের চেতনা ও আদর্শের আলোকে দ্বীনের মৌলিক উদ্দেশ্যকে অক্ষুণ্ন রেখে পাঠদান ।
- নির্ধারিত ক্লাসের পাশাপাশি (আগ্রহী শিক্ষার্থীদের জন্য) কুরআন কারীম হিফয করার ব্যবস্থা ।
- বার্ষিক শিক্ষা সফরের ব্যবস্থা ।

## পোশাক পরিচ্ছদ

কালো বোরকা ও কালো হিজাব (নিকাব, হাত মোজা ও পা মোজাসহ) ।



# অভিভাবকের জ্ঞাতব্য

০১। কোন অভিভাবকের সন্তান কিংবা পোষ্য মাদরাসা থেকে বিনা অনুমতিতে চলে গেলে কিংবা পালিয়ে গেলে কর্তৃপক্ষ এর দায়-দায়িত্ব গ্রহণ করবে না।

০২। কোন অভিভাবক কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত সরাসরি ছাত্রের সাথে সাক্ষাৎ করলে তা প্রতিষ্ঠানের শৃঙ্খলা ভঙ্গ বলে বিবেচিত হবে।

০৩। যে কোন বিষয়ে সরাসরি কিংবা মোবাইলে প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করতে হবে।

০৪। প্রতি ইংরেজী মাসের ৭ তারিখের মধ্যে মাসিক প্রদেয় (অগ্রীম) পরিশোধ করতে হবে।

০৫। ভর্তির পর যেকোন কারণে ভর্তি বাতিল করতে চাইলে ভর্তি সংক্রান্ত কোন টাকা ফেরত দেয়া হবে না।

০৬। কোন ছাত্র কিছুদিন/অধিকাংশ দিন ছুটি ব্যতিত অনুপস্থিত থাকলেও সংশ্লিষ্ট মাসের মাসিক প্রদেয় থেকে কোন টাকা কর্তন করা হবে না।

০৭। প্রতিষ্ঠানের কোন লেনদেন নির্ধারিত রশিদ ব্যতিরেকে করা যাবে না।

০৮। মহিলা অভিভাবকগণ পূর্ণ পর্দার সাথে সাক্ষাতের নির্ধারিত সময়ে এসে মাদরাসার নির্দিষ্ট অভিভাবকরুমে অবস্থান করে ছাত্রের সাথে সাক্ষাৎ করতে হবে।

০৯। মাদরাসা কর্তৃপক্ষ যেকোন কারণে আপনার সন্তান কিংবা পোষ্যের ভর্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১০। বিশেষ কোন ছুটির প্রয়োজন দেখা দিলে অভিভাবকের পক্ষ হতে ছুটির আবেদনপত্র অফিসে জমা দিয়ে ছুটি মঞ্জুর করাতে হবে।

১১। যেকোন ছুটি শেষ হওয়া মাত্র নির্ধারিত সময়ে মাদরাসায় ছাত্রের উপস্থিতি নিশ্চিত করতে হবে।

১২। ছাত্রের কোন জটিল রোগ বা অভ্যাসগত ত্রুটি থাকলে ভর্তির সময় কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

## ছাত্র সম্পর্কে জরুরী নীতিমালা

০১। একমাত্র আল্লাহকে সন্তুষ্ট করার লক্ষ্যে কুরআন-হাদীসের সহীহ জ্ঞান অর্জন করে দ্বীনের একজন প্রকৃত খাদেম হওয়ার মানসিকতা নিয়ে নিয়মিত ছাত্র হওয়ার জন্য ভর্তি হতে হবে।

০২। মাদরাসার বর্তমান ও ভবিষ্যতে গৃহিতব্য সকল আইন কানুনের প্রতি শ্রদ্ধাশীল হয়ে তা মেনে চলতে হবে।

০৩। লেখাপড়া ছাড়া অন্য কোন ব্যস্ততা অবলম্বন করা যাবে না।

০৪। সকল কাজকর্ম ও আচার আচরণে পূর্ণ সুন্নতের অনুসারী হতে হবে।

০৫। মাদরাসা কর্তৃক নির্ধারিত সুন্নতি পোশাক পরতে হবে।

০৬। অন্যের জিনিসপত্র মালিক বা শিক্ষকের অনুমতি ব্যতিত ব্যবহার করা যাবে না।

০৭। ইজতেমায়ী আমল যথা নামায, লেখাপড়া, গোসল, ঘুম, খাওয়া দাওয়া,

খেলাধুলা ও ব্যয়াম ইত্যাদী গুরুত্বের সাথে যথা সময়ে আদায় করতে হবে।

০৮। পরিষ্কার পরিচ্ছন্নতা ঈমানের অঙ্গ। সদা নিজে পবিত্র ও পরিচ্ছন্ন থাকবে এবং আশপাশ পবিত্র ও পরিচ্ছন্ন রাখবে। হাতপায়ের নখ ও মাথার চুল সুন্নতমত কাটবে।

০৯। সর্বদা তাকবীরে উলার সাথে ৫ ওয়াক্ত নামায আদায় করতে সচেষ্ট থাকবে।

১০। ছোট বড় সকলকে আগে সালাম করে সম্মানজনক শব্দ দ্বারা সম্বোধন করবে। কখনো মিথ্যা বলা এবং অন্যের গিবত, শেকায়েত, পরনিন্দা ও চোগলখোরী করা যাবে না।

১১। অনাবাসিক ছাত্র-ছাত্রীকে অবশ্যই ক্লাস শুরু হওয়ার ১৫ মিনিট পূর্বে প্রতিষ্ঠানে প্রবেশ করতে হবে এবং নিয়মিত ক্লাসে উপস্থিত থাকার বিষয়ে সচেষ্ট থাকতে হবে।

## বেতন ও খরচ সম্পর্কিত জ্ঞাতব্য

- বেতন ও খরচাদীর বিস্তারিত তথ্য পেতে অফিসে যোগাযোগ করুন।
- প্রতি ইংরেজী মাসের ৭ তারিখের মধ্যে উক্ত মাসের মাসিক প্রদেয় অবশ্যই পরিশোধ করতে হবে।
- সর্বমোট ১২ মাসের বেতন পরিশোধ করতে হবে।
- ছুটি ও অনুপস্থিতির সময়গুলোর পূর্ণ বেতন প্রদান করতে হবে।
- একই অভিভাবকের (বাবা-মায়ের) একাধিক সন্তানের ক্ষেত্রে ডিসকাউন্টের ব্যবস্থা আছে।
- এতিম, গরিব, অস্বচ্ছল মেধাবী ছাত্রদের জন্য বিশেষ ছাড় রয়েছে।

## ভর্তির সময় যা যা করতে হবে

- ১০০ টাকা দিয়ে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে।
- নির্ধারিত সময়ে ফরম পূরণ করে অফিসে জমা দিতে হবে।
- ভর্তি পরীক্ষায় (মৌখিক/লিখিত) অংশগ্রহণ করতে হবে।
- ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজে ছবি ১কপি, শিক্ষার্থীর ডিজিটাল জন্মনিবন্ধনের ফটোকপি, পিতা ও অভিভাবকের ভোটার আইডির ফটোকপি সংযুক্ত করতে হবে।
- প্রযোজ্য ক্ষেত্রে পূর্বের প্রতিষ্ঠানের ছাড়পত্র ও বার্ষিক পরীক্ষার ফলাফলপত্র সংযুক্ত করতে হবে।

## যোগাযোগের নাম্বারসমূহ

01717 184 187 : মাদরাসা অফিস
01814 560 964 : বালক ও বালিকা শাখা, খাতাপাড়া
01814 560 968 : আটবিল শাখা
01814 560 965 : হিসাব বিভাগ



# মুতাওয়াল্লী সাহেবের বাণী



সম্মানিত অভিভাবক!

আপনার সন্তানের উজ্জ্বল ভবিষ্যৎ নির্মাণ ও তাকে যুগ সচেতন আলেমে দ্বীন, ইসলামের দায়ী হিসেবে গড়ে তোলার জন্য আপনি "মদীনাতুল উলূম ফাউন্ডেশন"-কে নির্বাচন করতে পারেন। আপনার সন্তানকে গড়ে তোলার জন্য ইনশাআল্লাহ আমাদের প্রচেষ্টা অব্যাহত থাকবে। এই প্রতিষ্ঠান আমাদের সকলের আন্তরিক নিষ্ঠা ও ভালবাসা নিয়েই ধীরে ধীরে এগিয়ে যাবে ইনশাআল্লাহ!

আমরা দৃঢ়তার সাথে বিশ্বাস করি যে, আমাদের সকল পরিকল্পনা মহান আল্লাহ্‌র রহমতে এবং সম্মানিত অভিভাবক ও শুভাকাঙ্ক্ষীদের পরামর্শ ও দোয়ার মাধ্যমে সফলভাবে বাস্তবায়ন করা সম্ভব হবে ইনশাআল্লাহ। শিক্ষার্থী যদি সত্যিকারের মানুষ হয়ে ইসলাম ও দেশ মাতৃকার কাজে আত্মনিয়োগ করে, তবেই আমাদের সম্মিলিত প্রচেষ্টা স্বার্থক হবে। আল্লাহ তাআলা আমাদের সকল কাজ কর্মকে ইখলাসের সাথে একমাত্র তারই সন্তুষ্টি হাসিলের জন্য করবার তাওফীক্ব দান করুন। আমীন!

দোয়ার মুহতাজ

**(বীর মুক্তিযোদ্ধা) আলহাজ্জ জিললুর রহমান**

প্রতিষ্ঠাতা মুতাওয়াল্লী,

মদীনাতুল উলূম ফাউন্ডেশন।



মদীনাতুল উলূম ফাউন্ডেশনের নির্মানাধীন মূল ভবন

মদীনাতুল উলূম নূরানী একাডেমীর প্রস্তাবিত ছয়তলা ভবন









মদীনাতুল উলূম নূরানী একাডেমীর প্রস্তাবিত ছয়তলা ভবনের নির্মিত তিনতলা ভবন।

বিসমিহি তা'আলা

# ভূমিকা

শাশ্বত ইসলাম শুধু আনুষ্ঠানিকতা সর্বস্ব কোন ধর্ম নয়, গন্ডিবদ্ধ কোন সীমিত পরিসরের দিকনির্দেশনার নামও ইসলাম নয়। মানব জীবনের সাথে সংশ্লিষ্ট সকল বিষয়ের এক পূর্ণাঙ্গ হিদায়াত ও পথ নির্দেশনা এবং সার্বজনীন জীবন ধর্মের নাম ইসলাম। মানুষের জীবন পরিচালনায় সুখ-সমৃদ্ধি, শান্তি-নিরাপত্তা, কল্যাণ ও সফলতার প্রয়োজনীয় সকল জ্ঞান আল্লাহ পাক শিক্ষা দিয়েছেন। আল্লাহর মনোনীত ধর্ম ইসলামের এ এক অনন্য বৈশিষ্ট্য। তাই জাগতিক শান্তি, সমৃদ্ধি থেকে পরকালীন মুক্তি পর্যন্ত সবই ইসলামের প্রতিশ্রুতি। এমনকি শুধু ইসলামের অনুসারীদেরই নয় বরং অমুসলিমসহ গোটা মানবজাতির কল্যাণ ইসলামের অন্তর্নিহিত সৌন্দর্য। এজন্য ইসলাম মুসলমানদেরকে সকল মানুষের কল্যাণ সাধনের নির্দেশ প্রদান করেছে। মানুষের দ্বারে দ্বারে আল্লাহর অনন্য সৃষ্টিসেবা পৌঁছে দেয়া মুসলমানদের কর্তব্য। বিচিত্র মাখলুকাতের মাধ্যমে যথার্থ সেবা গ্রহণ ও অন্যের নিকট প্রেরণকেও ইসলাম উৎসাহিত করেছে। সভ্যতা বিনির্মাণ, জগতের উন্নয়ন, মানবতা প্রতিষ্ঠা সবই মুমিনের বিস্তৃত কর্ম ময়দানের অন্তর্ভুক্ত।

এক কথায় বলতে গেলে সৃষ্টিকর্তা মহান রাব্বুল আলামীনের ইবাদত ও আত্মিক পরিশুদ্ধতা অর্জনের সাথে সাথে মানবীয় উৎকর্ষতা, প্রযুক্তির উন্নত ব্যবহার বিধি আয়ত্ব করার মাধ্যমে পরকালীন ও জাগতিক সমৃদ্ধি অর্জন ইসলামের মহান আদর্শ। মুসলিম জাতির গৌরবোজ্জ্বল অতীত সে কথাই প্রমাণ করে। জ্ঞান-বিজ্ঞানের প্রতিটি শাখা-প্রশাখায় নেতৃত্বের আসন গ্রহণের জন্য ইসলাম মুসলমানদেরকে উদ্বুদ্ধ করেছে। কিন্তু হায়! যে জাতির হাতে রচিত হয়েছিল বিশ্ব সভ্যতার অনবদ্য অবদানের সুদীর্ঘ ইতিহাস, সর্বক্ষেত্রে যারা ছিলো এক সময় বিশ্বের সেরা। আজ হারানো অতীত গৌরবই তাদের একমাত্র সম্বল। কিন্তু আমাদের সেই হারানো অতীত গৌরব পুনরুদ্ধারে সচেষ্ট হতে হবে এবং ইলম আহলে ইলমের সম্মান সমাজে পুনঃপ্রতিষ্ঠা করতে হবে।।

তাই আমরা চাই না হাজার বছর পর বৃটিশ প্রবর্তিত এমন শিক্ষা ব্যবস্থার আধিপত্য, যেখানে আল্লাহ ভীতি, পরকাল ও কুরআন হাদীস ভিত্তিক আইন একেবারেই অনুপস্থিত। বরং আমরা চাই কুরআন হাদীসের আলোকে জাতির শিক্ষা-দীক্ষা ও জীবন-ব্যবস্থা পরকালমুখী করে তুলতে। আল্লাহ আমাদের সহায় হোন। আমীন!



# প্রিয় অভিভাবক

- আল্লাহকে রাজি ও সন্তুষ্ট করার লক্ষ্যে সন্তানকে মাদরাসায় দিবেন।
- আল্লাহ রাব্বুল আলামিনের দরবারে কাকুতি মিনতি করে সন্তানের জন্য উপযুক্ত প্রতিষ্ঠান বাছাই করবেন।
- সব ধরনের গুনাহ থেকে নিজে ও পরিবারস্থ লোকেরা দূরে থাকবেন।
- বাসা থেকে টিভি, সিনামার আসবাব সরিয়ে ফেলবেন।
- লেন দেনে সুদ-ঘুষ থেকে মুক্ত থাকবেন।
- পরিবারের মধ্যে শরয়ী পর্দার অভ্যাস গড়ে তুলবেন।
- পাঁচ ওয়াক্ত নামাজ পড়ে সন্তানের জন্য দোয়া করবেন।
- সর্বোপরি পরিবারের মধ্যে গুনাহের চর্চা ছেড়ে দ্বীন চর্চার পরিবেশ গড়ে তোলার প্রচেষ্টা অব্যাহত রাখবেন।
- প্রতি মাসে অন্তত একবার শ্রেণি শিক্ষকের সাথে আপনার সন্তানের পড়াশোনার খোঁজ নিবেন।
- শিক্ষকগণ সার্বক্ষণিক প্রচেষ্টার পরেও সন্তানের পড়া লেখায় উন্নতি না হলে মাদরাসা ও শিক্ষকদের দোষারোপ না করে তাওবা ইস্তেগফারের সাথে আল্লাহর কাছে দোয়া অব্যাহত রাখবেন। এতেও কাজ না হলে প্রতিষ্ঠান পরিবর্তন করবেন।